

**REGIONAL NEWS UNIT  
ALL INDIA RADIO, AGARTALA**

**Date : 26-11-2025**

**Time: 07.35-07.40 AM Hrs**

**BENGALI MORNING BULLETIN**

---

**Samvidhan diwas :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ সংবিধান সদনের সেন্ট্রাল হলে সংবিধান দিবস উদযাপনে অংশগ্রহণ করবেন। রাষ্ট্রপতি দ্রোপদী মুর্ম, উপ-রাষ্ট্রপতি সিপি রাধাকৃষ্ণ এবং লোকসভার অধ্যক্ষ ওম বিড়লা সহ উভয় কক্ষের সাংসদরাও এই অনুষ্ঠানে যোগ দেবেন। রাষ্ট্রপতি মুর্ম অনুষ্ঠান চলাকালীন সংবিধানের প্রস্তাবনা পাঠে নেতৃত্ব দেবেন। এছাড়াও, মালায়ালাম, মারাঠি, নেপালি, পাঞ্জাবি, বোড়ো, কাশ্মীরি, তেলেঙ্গ, ওড়িয়া এবং অসমিয়া সহ নয়টি ভাষায় সংবিধানের একটি অনুবাদিত সংস্করণ প্রকাশ করা হবে। এই উপলক্ষে একটি স্মারক পুস্তিকাও প্রকাশ করা হবে। উল্লেখ্য, এই বছর সংবিধান গ্রহণের ৭৬তম বার্ষিকী।

\*\*\*\*\*

**PM- SAESI INAUGURATION :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ ভিডিও কনফারেন্সে হায়দ্রাবাদের জিএমআর অ্যারোস্পেস অ্যান্ড ইন্ডাস্ট্রিয়াল পার্কে সাফরান এয়ারক্রাফ্ট ইঞ্জিন সার্টিসেস ইন্ডিয়া সুবিধার উদ্বোধন করবেন। প্রধানমন্ত্রীর কার্যালয় এক বিবৃতিতে জানিয়েছে, এস.এ.ই.এস.আই. হল শীর্ষস্থানীয় বিমান চালনা ইঞ্জিনগুলির জন্য

সাফরানের সমর্পিত রক্ষণাবেক্ষণ, মেরামত এবং অন্যান্য সুবিধা প্রদানের সংস্থা ডিল্লিথ্য, প্রথমবারের মতো, একটি বিশ্বজনীন ইঞ্জিন অরিজিনাল ইকুইপমেন্ট প্রস্তুতকারক ভারতে এম.আর.ও.কর্মকান্ড শুরু করতে যাচ্ছে। | এম.আর.ও.সুবিধাটি বিমান চলাচল ক্ষেত্রে স্বনির্ভরতার লক্ষ্যে একটি বড় পদক্ষেপ হবে।

\*\*\*\*\*

### **Joel Oram :**

জনজাতিদের উন্নয়নে বিভিন্ন প্রকল্পের অগ্রগতির কাজ খতিয়ে দেখতে কেন্দ্রীয় জনজাতি কল্যাণমন্ত্রী জুয়েল ওরাম গতকাল আগরতলায় এসে পৌঁছেছেন। দুদিন রাজ্যে অবস্থানকালে তিনি রাজ্যের বিভিন্ন জেলা সফর করবেন ও বিভিন্ন প্রকল্পের অগ্রগতি খতিয়ে দেখবেন। আগরতলায় তাকে স্বাগত জানান জনজাতি কল্যাণমন্ত্রী বিকাশ দেবমৰ্মা, সমাজকল্যাণ ও সমাজ শিক্ষামন্ত্রী টিক্সু রায়।

\*\*\*\*\*

### **PM :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী উত্তর প্রদেশের অযোধ্যায় শ্রী রাম জন্মভূমি মন্দিরের চূড়ায় গতকাল ধর্মধর্বজা উত্তোলন করেছেন। এর মাধ্যমে রাম মন্দির নির্মাণের কাজ আনুষ্ঠানিকভাবে সম্পন্ন হল। এ উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে তিনি বলেন, ‘একবিংশ শতাব্দীর অযোধ্যা মানবতার উন্নয়নে এক নতুন আদর্শ অযোধ্যা এখন মর্যাদার কেন্দ্র এবং বিকশিত ভারতের মেরুদণ্ড হিসেবে আবির্ভূত হচ্ছে।’

প্রধানমন্ত্রী আরো বলেন, গত ১১ বছরে, সমাজের প্রতিটি ক্ষেত্র-নারী, দলিত, অনগ্রসর শ্রেণী, অত্যন্ত অনগ্রসর শ্রেণী, জনজাতি সম্প্রদায়, বঞ্চিত, কৃষক, শ্রমিক এবং যুবসমাজ—উন্নয়নের কেন্দ্রবিন্দুতে স্থান পেয়েছে। দেশের প্রতিটি ব্যক্তি, প্রতিটি ক্ষেত্র এবং প্রতিটি অঞ্চলকে ক্ষমতায়িত করার মধ্য দিয়ে ২০৪৭ সালের মধ্যে একটি বিকশিত ভারত গড়ে তোলা হবে। তখন দেশ স্বাধীনতার ১০০ বছর উদযাপন করবে।

\*\*\*\*\*

### **GOVERNOR-ICFAI :**

রাজ্যপাল ইন্দ্রসেনা রেজিডি নাল্লু কামালঘাটের ইকফাই বিশ্ববিদ্যালয়ে 'FIRST FOREVER N.J. YASASWY- THEY DON'T MAKE THEM LIKE HIM ANYMORE' 'শীর্ষক বই'র আবরণ উন্মোচন করেছেন। গতকাল বিশ্ব বিদ্যালয়ের প্রতিষ্ঠাতা এন.জে. যশস্বীর জীবনের উপর লেখা বইটির আবরণ উন্মোচন করে তিনি বলেন, যশস্বী ছিলেন দূরদৃষ্টিসম্পন্ন। ১৯৮৫ সালে এককভাবে এই উচ্চশিক্ষা প্রতিষ্ঠান গড়ে তোলার কাজ শুরু করেন তিনি। অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ও রেজিস্ট্রার সহ অন্যান্য উপস্থিত ছিলেন।

\*\*\*\*\*

### **Power Minister :**

বিদ্যুৎমন্ত্রী রতন লাল নাথ বক্রনগরের রুখিয়ায় ১২০ মেগাওয়াট ক্ষমতা সম্পন্ন কম্বাইন্ড সাইকেল গ্যাস টারবাইন বিদ্যুৎ প্রকল্পের গতকাল ভূমিপূজন করেন।

অনুষ্ঠানে তিনি বলেন, এশিয়ান ডেভেলপমেন্ট ব্যাংকের আর্থিক সহায়তায় এই ৬৩ মেগাওয়াট ওপেন সাইকেল ইউনিটকে ১২০ মেগাওয়াট কম্বাইন্ড সাইকেল ইউনিটে রূপান্তর করা হবে। এর ফলে অতিরিক্ত গ্যাস ব্যবহার করে ১২০ মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদন সম্ভব হবে। প্রকল্পের মোট ব্যয় হবে ১,৩২০ কোটি টাকা এবং আগামী তিনি বছরের মধ্যে এই প্রকল্পের কাজ সম্পূর্ণ হবে।

\*\*\*\*\*

### **Forest Minister :**

বনমন্ত্রী অনিমেষ দেববর্মা জানিয়েছেন, তেলিয়ামুড়া মহকুমার মুঞ্জিয়াকামী রুকের তুইকর্ম গ্রামে পাকা রাস্তা নির্মানে সাত কোটি টাকা ব্যয় করা হবে। গতকাল বিকেলে তুইকর্ম গ্রামের জনগণের সঙ্গে মিলিত হয়ে এই গ্রামের বিভিন্ন সমস্যা সম্পর্কে অবহিত হবার সময় বনমন্ত্রী একথা জানান।

\*\*\*\*\*

### **Maan Ki Baat :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ৩০শে নভেম্বর, রবিবার সকাল ১১টায় আকাশবাণীর 'মন কি বাত' অনুষ্ঠানে দেশ ও বিদেশের মানুষের সাথে তাঁর চিন্তা ভাবনা ভাগ করে নেবেন। এটি "মন কি বাতে"র ১২৮তম পর্ব হবে। এই অনুষ্ঠানের জন্য জনগণ তাদের ধারণা এবং পরামর্শ ১৮০০-১১-৭৮০০ টেলফোনের মাধ্যমে জানাতে পারবেন। নরেন্দ্র মোদী অ্যাপ অথবা মাইগভ ওপেন ফোরামের মাধ্যমে অনলাইনেও মতামত জানানো যাবে। এছাড়াও

১৯২২ নম্বরে মিসড কল দিয়ে, প্রাপ্তি লিঙ্কে সরাসরি পরামর্শ জানাতে পারেন।  
আসন্ন পর্বের জন্য পরামর্শ এই মাসের ২৮ তারিখ পর্যন্ত গ্রহণ করা হবে।

\*\*\*\*\*

### **Cooch Behar Trophy :**

কোচবিহার ট্রফি অনুর্ধ্ব ১৯ বছরের ক্রিকেটের চারদিনের খেলায় মধ্যপ্রদেশ ইনিংস ও ১৪০ রানে ত্রিপুরাকে পরাজিত করেছে। সাগরের মধ্যপ্রদেশ ক্রিকেট এসোসিয়েশনের মাঠে তৃতীয় দিনে বিনা উইকেটে ১০ রান থেকে দ্বিতীয় ইনিংসে খেলতে নেমে রাজ্যদল সবকটি উইকেট হারিয়ে ২৬৮ রান করতে সক্ষম হয়।

\*\*\*\*\*

### **Weather:**

আজ দুপুর পর্যন্ত আবহাওয়ার পূর্বাভাসে জানানো হয়েছে আকাশ প্রধানত পরিষ্কার থাকবে। সকালের দিকে হালকা থেকে মাঝারি কুয়াশা ছিল। দিনের সর্বোচ্চ তাপমাত্রা থাকবে ২৯ ডিগ্রির কাছাকাছি। আগরতলায় আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ১৫ ডিগ্রি সেলসিয়াস।

\*\*\*\*\*

\*\*\*\*\*





